দৈনিক বাংলা

তারিখ ... 18.4.84
পৃষ্ঠা ... কলাম 8

0 042

## ২৬শে এপ্রিল এইচএসসি পরীক্ষা শুরু ঃ মোট পরীক্ষার্থী ১ লাখ ৮৯ হাজার ৩৮৭ জন

ঢাকা, কুমিল্লা, যশোর ও রাজশাহী মাধ্যমিক শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা (এইচএসসি) আগামী ২৬শে এপ্রিল শুরু হচ্ছে। খবর এনার।

সরকারী সূত্র জানান, চারটি বোর্ডের মোট ১ লাখ ৮৯ হাজার ৩৮৭ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে। এর মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ—মোট ৫৫ হাজার ১৬৬ জন।

রাজশাহী বোর্ডের মোট ৪৬ হাজার ৪৪ জন, যশোর বোর্ডের ৪৫ হাজার ৭৩০ জন এবং কুমিল্লা বোর্ডের ৪২ হাজার ৪৪৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে।

সূত্র জানান, বিদেশে ৭টি কেন্দ্রসহ মোট ৪৫২টি পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। বিদেশের কেন্দ্রগুলো হচ্ছে: জেদ্দা, বাহরাইন, আবুধাবী, মস্কাট, কুয়েত, লন্ডন এবং ব্যাংককে।